গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

বিষয়: GFATM এর অনুদান সহায়তায় বাংলাদেশে যক্ষ্মারোগ নির্মূলকরণের লক্ষ্যে National Tuberculosis Programme(NTP) এর অনুদান BAN-809-G09-T এর আওতায় চিকিৎসা যন্ত্রপাতি ক্রয় ও সংগ্রহ প্রক্রিয়ায় অনিয়ম বিষয়ে গঠিত তদন্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আনোয়ার হোসেন, যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ।

স্থান : যুগ্মসচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ-৩২২ , ভবন-৩, বালাদেশ সচিবালয়, ঢাকা)।

তারিখ : ২৮/০৩/২০১৮

সময় : সকাল ১১.০০ টা।

সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'

১. শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। পরিচিতি পর্ব শেষে সভাপতি উপস্থিত ডা: মো: কামরুল ইসলাম, প্রাক্তন-লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল ও ডা: মো: জাহাঙ্গীর আলম সরকার, প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল-কে হাজিরাশীটে লাইন ডাইরেক্টর হিসেবে তাদের সময়কাল উল্লেখ করার অনুরোধ করেন এবং৩য় সেক্টর প্রোগ্রামের টিবি-লেপ্রোসি কন্ট্রোল অপারেশনাল প্ল্যানের প্রাক্তন-লাইন ডাইরেক্টরগণের কেউ নোটিশের তালিকায় বাদ পড়া আছে কিনা এ বিষয়ে অবগতির অনুরোধে জনাব ডা: মো: কামরুল ইসলাম জানান, ডা: রেজিয়া আখতার (১১.০২.২০১৬খ্রি: থেকে ০২.০৩.২০১৬খ্রি:) ও প্রাক্তন লাইন ডাইরেক্টর।

২. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব (প্রবা-১) জানান, ডা: শহীদ মো: সাদিকুল ইসলাম, পরিচালক, ওএসডি- স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল) স্ত্রীর চিকিৎসাজনিত কারণে আজকের সভায় হাজির হতে পারেননি এবং ডা: মো: মোজাম্মেল হক, গ্রাম-দমদমা (হিলিরোড), পাঁচবিবি, জয়পুরহাট (প্রাক্তন লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রসি কন্ট্রোল) পরবর্তী সভায় উপস্থিত থাকবেন মর্মে জানায়।

৩. ডা: মো: জাহাঙ্গীর আলম সরকার, প্রাক্তন-লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল যেহেতু ০৫.০২.২০১৬খ্রি: হতে ১০.০২.২০১৬খ্রি: পর্যন্ত লাইন ডাইরেক্টর ছিলেন এবং তার ডিডিওশীপ ছিলনা, সেহেতু তাকে তদন্ত কমিটির পরবর্তী সভাসমূহে উপস্থিতির নোটিশ হতে অব্যাহতি প্রদান করা যেতে পারে।

৪. সভাপতি বলেন, যেহেতু তদন্তটি হচ্ছে টেন্ডার প্রক্রিয়ায় অনিয়ম সংক্রান্ত, সেহেতু সিএমএসডির উপপরিচালক ডা: কল্যাণ মিত্রের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অপারেশনাল প্ল্যানের ডিপিপি অনুযায়ী বিশেষত: ক্রয় কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে কিনা এবং ক্রয় সংক্রান্ত নীতিমালা, বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা এ বিষয়ে তিনি সুস্পষ্ট মতামত দিতে পারেন।

৫. প্রতিটি প্রকল্প/অপারেশনাল প্ল্যান সমাপ্তির পর নিয়মঅনুযায়ী প্রকল্প পরিচালক/লাইন ডাইরেক্টরকে Project Completion Report(PCR) সংগ্রহ করতে হয়। টিবি-লেপ্রোসি কন্ট্রোল অপারেশনাল প্ল্যানের PCR যুগ্মপ্রধান (পরিকল্পনা) এর দপ্তর হতে সংগ্রহ করা প্রয়োজন। PCR সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মপ্রধান (পরিকল্পনা)-কে অনুরোধ করা যেতে পারে।

৬. বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) ডা: রেজিয়া আখতার (১১.০২.২০১৬খ্রি: থেকে ০২.০৩.২০১৬খ্রি:), প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল-কে তদন্ত কমিটির পরবর্তী সভাসমূহে উপস্থিতির জন্য নোটিশ প্রদান করা হবে।

(খ) পরবর্তী সভায় সিএমএসডির উপপরিচালক ডা: কল্যাণ মিত্র, ৩য় সেক্টর প্রোগ্রামের টিবি-লেপ্রোসি কন্ট্রোল অপারেশনাল প্ল্যানের ডিপিপি অনুযায়ী বিশেষত: ক্রয় কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে কিনা এবং ক্রয় সংক্রান্ত নীতিমালা, বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা এ বিষয়ে সুস্পষ্ট মতামত দিবেন।

(গ) ডা: মো: জাহাঙ্গীর আলম সরকার, প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রোসি কন্ট্রোল-কে তদন্ত কমিটির পরবর্তী সভাসমূহে উপস্থিতির নোটিশ হতে অব্যাহতি প্রদান করা হবে।

(ঘ) ৩য় সেক্টর প্রোগ্রামের টিবি-লেপ্রোসি কন্ট্রোল অপারেশনাল প্ল্যানের PCR সরবরাহের জন্য যুগ্মপ্রধান (পরিকল্পনা)-কে অনুরোধ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:

(মো: আনোয়ার হোসেন)
যুগ্মসচিব (পার)
ও
সভাপতি, তদন্ত কমিটি

নং-৪৫.০০.০০০০.১৭২.৩৬.০০১.১৮-৩০৪ তারিখঃ ০৩.০৪.২০১৮খ্রিঃ

বিতরণ :

১। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। ডাঃ শহীদ মো: সাদিকুল ইসলাম, পরিচালক, ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রসি কন্ট্রোল)।
৩। ডা: মো: জাহাঙ্গীর আলম সরকার, লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রসি কন্ট্রোল)।
৪। ডাঃ মো: কামরুল ইসলাম, ৯৩/১ রুপায়ন গার্ডেন, রোড-৮, ব্লক-সি, নিকেতন, গুলশান-১, ঢাকা (প্রাক্তন লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রসি কন্ট্রোল)।
৫। ডা: মো: মোজাম্মেল হক, গ্রাম-দমদমা (হিলিরোড), পাঁচবিবি, জয়পুরহাট (প্রাক্তন- লাইন ডাইরেক্টর, টিবি-লেপ্রসি কন্ট্রোল)।
৬। ডা: কল্যাণ মিত্র, উপপরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
৭। যুগ্মসচিব (পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

১। পরিচালক (ভান্ডার ও সরবরাহ) ও লাইন ডাইরেক্টর, প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট- হেল্থ সার্ভিসেস', কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।
২। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩। যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৩.০৪.২০১৮

(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোন ঃ ৯৫৪৯৫৫৩